

প্রোফাইল



জনাব মোঃ রফিকুল ইসলাম ১৫ ডিসেম্বর ১৯৬০ সালে টাঙ্গাইল জেলার নাগরপুরে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৬ সালে দেলদুয়ার উপজেলার এলাসিন তারক যোগেন্দ্র উচ্চবিদ্যালয় হতে এস.এস.সি এবং ১৯৭৮ সালে সা'দত কলেজ, করটিয়া হতে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯৮১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যানে বিএসসি (অনার্স) ও ১৯৮২ সালে এম.এস.সি ডিগ্রি লাভ করেন। তিনি কম্পিউটার বিষয়ে বেসিক ও এ্যাডভান্স কোর্স করেছেন এবং ডিপ্লোমা ইন সফটওয়্যার অ্যাপ্লিকেশন (ডিএসএ) ডিগ্রি অর্জন করেছেন। তিনি ২০১০ সালে MATT কোর্স এবং একই সালে মানেচেষ্টার ইউনিভার্সিটি থেকে MATT স্টেজ-২ (সুপার MATT কোর্স) সম্পন্ন করেন। তিনি ২০১১ সালে প্রথম শ্রেণীতে এমবিএ ডিগ্রি লাভ করেন।

তিনি ১৯৮৪ ব্যাচে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। পর্যায়ক্রমে তিনি সহকারী কমিশনার, চট্টগ্রাম, সহকারী কমিশনার (ভূমি)-রাঙ্গুনিয়া, চট্টগ্রাম, আরডিসি-মুন্সিগঞ্জ ও খুলনা, উপজেলা নির্বাহী অফিসার- করিমগঞ্জ, কিশোরগঞ্জ, সিনিয়র সহকারী সচিব- প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, অতিরিক্ত জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট-নরসিংদীতে দায়িত্ব পালন করেন।

তিনি ২০০৩ সালে ১০ ফেব্রুয়ারী উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কুড়িগ্রাম ও সিরাজগঞ্জ জেলা পরিষদে দায়িত্ব পালন করেন। তিনি ১৯ নভেম্বর ২০০৬ সালে থেকে ২০০৮ সালে পর্যন্ত লালমনিরহাটে জেলা প্রশাসক এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে উপসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২১ জুন ২০১০ থেকে অতিরিক্ত বিভাগীয় কমিশনার হিসেবে খুলনা বিভাগে দায়িত্ব পালন করেন। তিনি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর সদস্য পদে নিয়োজিত ছিলেন। তিনি ১৩ জানুয়ারী ২০১৪ সালে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি গত ১ অক্টোবর ২০১৪ সালে নৌপরিবহন মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব পদে যোগদান করেন।

সরকারি কাজে তিনি নরওয়ে, ইংল্যান্ড, থাইল্যান্ড, শ্রীলঙ্কা, জার্মানি, সিংগাপুর, মরিশাস, ফ্রান্স ও মালয়েশিয়া সফর করেছেন।

তিনি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সাথে জড়িত। টাঙ্গাইলস্থ নাগরপুর সমিতির আজীবন সদস্য তিনি। তিনি বাংলাদেশের অন্যতম সৃজনশীল সংগঠন ছায়ানীড় এর আজীবন সদস্য। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটিরও তিনি আজীবন সদস্য।

জনাব মোঃ রফিকুল ইসলাম ১৯৯০ সালে মাকসুদা সুলতানা রেখার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তিনি দুই পুত্র সন্তানের জনক। জ্যেষ্ঠ পুত্র মো. রাকীম মাশরুর খান এবং কনিষ্ঠ পুত্র মো. রাজীন মাখদুম খান।

জনাব মোঃ রফিকুল ইসলাম ছাত্রজীবন থেকেই ক্রীড়ানুরাগী এবং অবসর পেলেই বই পড়েন, কবিতা লিখেন ও গান শোনেন।